ভোরের কাগজ

তারিখ ...... পৃষ্ঠা ৭ কলাম ৩

NOV. 20 2002

### বোর্ড থেকে রেজিস্ট্রেশন কার্ড এখনো আসেনি

# মাদারীপুরের ৫ সহস্রাধিক এসএসসি পরীক্ষার্থীর ফরম পূরণ অনিশ্চিত

মাদারীপুর প্রতিনিধি : ঢাকা শিক্ষা বোর্ড থেকে রেজিস্ট্রেশন কার্ড না আসায় মাদারীপুর সদরসহ জেলার চারটি উপজেলার শতাধিক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৫ সহস্রাধিক ছাত্রছাত্রীর আসন্ন এসএসসি পরীক্ষার ফরম পূরণ অনিশ্চিত হয়ে পড়ছে। এতে সংশ্লিষ্ট ছাত্রছাত্রী, শিক্ষক ও অভিভাবকরা বড়ো ধরনের বিপর্যয়ের আশঙ্কা করছেন।

এদিকে বিদ্যালয়গুলো নির্বাচনী মূল্যায়ন পরীক্ষা শেষে ছাত্রছাত্রীদের ফরম পূরণ করে আগামী ২১ নভেম্বরের মধ্যে বিদ্যালয়ে জমা দেওয়ার নির্দেশ দিলে ছাত্রছাত্রীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হয়। ছাত্রছাত্রীরা জানায়, ফরম পূরণ করতে যেসব তথ্যের প্রয়োজন রেজিস্ট্রেশন কার্ড ব্যতিরেকে তা পূরণ করা সম্ভব নয়। কারণ হিসাবে তারা বলেছে, দুই বছর আগে নবম শ্রেণীতে থাকতেই তাদের যাবতীয় তথ্য রেজিস্ট্রেশন কার্ড করার জন্য বোর্ডে জমা দিয়েছে। তখন কে কি তথ্য জমা দিয়েছে এখন তা কারো মনে থাকার কথা নয়। তাছাড়া ফরম পূরণে মনগড়া তথ্য দেওয়ার সুযোগ নেই। ফরম পূরণ সঠিক না হলে [illegible] থেকে পরীক্ষার্থীদের প্রবেশপত্র না আসার নজিরও অনেক। এ কারণে ছাত্র-ছাত্রীরা শঙ্কিত হয়ে পড়েছে।

এ ব্যাপারে মাদারীপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সঙ্গে কয়েকবার যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। তবে একজন কর্মচারী জানান, সঠিকভাবে ফরম পূরণ করতে হলে অবশ্যই রেজিস্ট্রেশন কার্ড লাগবে। কবে নাগাদ বোর্ড কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করবে তা অনিশ্চিত।